Chapter Ten
Irregular Sentence Patterns

পূববর্তী অধ্যায়ে আমরা শুধু সাতটি basic structure আলোচনা করেছি। আমরা এটাও বলেছি ইংরেজী বাক্যের pattern অনেক রকম হতে পারে। Basic pattern মোটামুটি একই থাকে কিন্তু structural element-গুলোর position এবং nature-এর বিভিন্নতার কারণে sentence-এর pattern-ও বিভিন্ন রকম হয়ে যায়। এখন আমরা বেশ কিছু irregular sentence pattern দেখাব।

1. It + Be + Noun / Adjective

এই pattern-এ **'It'** হচ্ছে একটা empty subject যার কোন অর্থ নেই। This subject is followed by a 'to be' verb and a noun or adjective. এই pattern-টি ব্যবহৃত হয় সাধারণত: আবহাওয়া, সময় এবং দূরত্ব সম্পর্কিত কোন statement বা question তৈরি করতে। যেমন:

About Weather	:	It is very hot today.
		It was rainy yesterday.
		It is very windy here.
		It is very stuffy (গুমোট) in here.
		Was it very cold yesterday?
About Time	:	It is 9 o'clock.
		It is a quarter past ten. (সোয়া দশটা)
		It is a quarter to ten. (পৌণে দশটা)
		What time is it now?
		What day is it today?
About Distance	:	It is not far to Bogra.
		Is it far from Rajshahi to Natore?

'It'- কে empty subject হিসেবে আরো অনেকভাবে ব্যবহার করা যায়। যেমন:

It is raining / snowing.

It is getting dark. (অন্ধকার হয়ে আসছে)

It is no use complaining. (অভিযোগ ক'রে কোন লাভ নেই।)

It seems alright to go there.

It cost me a lot of money to repair the car.

It is great fun to talk with her.

It is kind of you to help me.

এখানে অধিকাংশ বাক্যে প্রকৃত subject শেষে এসেছে। এই subject-কে প্রথমে নিয়ে গিয়েও বাক্য গঠন করা সম্ভব। যেমন:

Complaining is no use.

To go there seems alright.

To talk with her is great fun.

To repair/Repairing the car cost me a lot of money.

2. There + Be + Subject

'It'-এর মত 'There'-কেও empty subject হিসেবে ব্যবহার করে তার পরে 'to be' verb এবং প্রকৃত subject ব্যবহার করা যায়। যেমন:

There is someone at the door.

There are fifty students in this class.

There was a fly in my soup.

There were many flowers in the garden.

এই বাক্যগুলোর প্রকৃত subject-কে সামনে এনেও বাক্য গঠন সম্ভব। যেমন:

Someone is at the door.

Fifty students are in this class.

তবে এক্ষেত্রে 'there' যুক্ত pattern-টিই more natural. Empty subject হিসেবে 'there'-এর পরে 'be' verb ছাড়া অন্য verb-ও ব্যবহার করা যায়। যেমন:

There seems to be no peace in his life.

There doesn't seem to be anything missing. (কিছু হারিয়েছে বলে মনে হচ্ছে না)

There appears to have been a big accident there. (ওখানে একটা বড় দুর্ঘটনা ঘটেছে বলে মনে হচ্ছে)

There came a strange knocking at the door.

There followed a riot.

'There' is usually used to show that something exists or happens অর্থাৎ 'there' ব্যবহার করা হয় সাধারণত: কোন কিছুর অস্তিত্ব বা ঘটা বুঝাতে। আবার কারো দৃষ্টি আকর্ষণ করতেও 'there' ব্যবহার করা হয়। যেমন:

There goes the bell.

There comes the teacher.

There you are! A nice cup of tea.

3. Verb + Noun / adverb / Adjective

pattern without any visible subject is used in making imperative sentences অর্থাৎ দৃশ্যমান subject বিহীন এই pattern-টি ব্যবহৃত হয় imperative sentence গঠন করতে। এক্ষেত্রে subject 'you' উহ্য থাকে। তবে এই pattern-এর verb-টি transitive, intransitive কিংবা linking যে কোন ধরনের হতে পারে। যেমন:

Transitive : Clean your teeth.

Take this medicine on an empty stomach.

Don't read this filthy magazine.

Intransitive : Walk fast.

Read silently.

Please don't smoke here.

Linking : Keep quiet.

Stay tuned to this channel.

Don't be silly.

লক্ষ করে থাকবে, এখানে transititve verb এর পরে noun, intransitive verb-এর পরে adverb এবং linking verb-এর পরে adjective ব্যবহার করা হয়েছে।

4. S + Vi + Present participle

কোন verb-এর present participle form-কে নানাভাবে ব্যবহার করা যায়। এই pattern-এ present participle-এর কাজ হচ্ছে verb-কে modify করা, অর্থাৎ-এর function হচ্ছে adverb-এর মত। নীচের বাক্যগুলো দেখ:

Let's go fishing.

They have gone shopping

The girl came laughing.

The boy went away crying.

Would you please go dancing with me?

articiple-এর অন্য ব্যবহার নীচের প্যাটার্ন দু'টিতে দেখ:

5. S + Vt + Present Participle

এই pattern-এ transitive verb-এর পরে present participle-কে ব্যবহার করা হয়েছে gerund বা verbal noun হিসেবে। Present participle এখানে transitive verb-এর object হিসেবে কাজ করেছে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

My wife enjoys watching television.

She loves teaching.

Have you finished reading this book?

I hate borrowing money.

You should not miss seeing the film.

Do you suggest going on a picnic?

আরো যে সব verb-কে transitive verb হিসেবে এই pattern-এ ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে : ***begin, start, like, stop, prefer, fear, remember, forget, mind, practise, try, understand, keep, help, advise, admit, avoid, consider, intend, deny*** ইত্যাদি।

6. S + Verb +Noun/ Pronoun + Present participle

এই pattern-এর verb হচ্ছে transitive, noun/pronoun হচ্ছে transitive verb-টির object এবং present participle-টি হচ্ছে objectটির modifier অর্থাৎ present participle-টি এখানে adjective-এর মত কাজ করেছে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I saw the girl gathering leaves.

The teacher found him cheating.

I saw it raining outside.

Please keep the water boiling.

I did not hear her singing.

Present participle দিয়ে এখানে object হিসেবে ব্যবহৃত noun / pronoun-টির একটা progressive বা চলমান অবস্থা বুঝানো হয়েছে। এই pattern-এ আরো যে সব verb ব্যবহৃত হতে পারে তাদের মধ্যে পড়ে : ***smell, feel, watch, notice, observe, get, catch, leave, set, start*** ইত্যাদি।

7. Subject + need / bear / want + gerund

The gerund in this pattern is equivalent to a passive infinitive অর্থাৎ এই pattern-এ gerund-টি passive infinitive-এর সমতুল্য। নীচের বাক্যগুলো দেখ:

My shoes need ***mending.*** (=to be mended)
(আমার জুতাগুলো সারানো দরকার)

The baby needs ***looking after.*** (= to be looked after)
(শিশুটির দেখাশুনা করা প্রয়োজন)

His words ***don't bear repeating.*** (= are too bad to be repeated)
(তার কথাগুলো এত খারাপ যে সেগুলোর পুনরাবৃত্তি করা যায় না।)

This work wants ***doing*** at once. (= to be done)
(এই কাজটি এক্ষুনি করা প্রয়োজন)

This road wants ***repairing*** immediately.
(রাস্তাটি শীঘ্রই মেরামত করা দরকার)

8. Subject + Vi + to-infinitive

The 'to-infinitive' in this pattern works like an adverbial and modifies a verb. It usually indicates a purpose. অর্থাৎ এই pattern-এর 'to-infinitive' একটা adverbial-এর মত কাজ ক'রে এবং কোন verb-কে modify করে। এর দ্বারা সাধারণত: উদ্দেশ্য প্রকাশ করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

He stopped to smoke. (তিনি ধুমপানের উদ্দেশ্যে থামলেন।)

She laughed loudly to draw my attention.

We walked fast to catch the bus.

They waited to see me.

We breathe to live.

I slept to refresh myself.

9. Subject + Vt + to-infinitive

Like the present participle in pattern 5, the 'to-infinitive' in this pattern also works as an object of the transitive verb before it অর্থাৎ ৫ নং pattern-এ ব্যবহৃত present participle-এর মত এই pattern-এর 'to-infinitive-ও-এর আগের transitive verb-এর object হিসেবে কাজ করে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

The boy wants to go.

He forgot to take the umbrella.

She decided not to come here.

I would like to stop here.

He fears to speak English.

আরো যে সব verb-কে এই pattern-এ ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে ***love, prefer, begin, start, agree, try, attempt, choose, continue, intend, propose, desire, wish, hate, dislike, hope, expect, promise, refuse, remember, offer, learn*** ইত্যাদি।

10.Subject + be / have + to-infinitive

The verb in this pattern depends on whether some external pressure is put on somebody to do something or they themselves appreciate the necessity of doing it. বাইরের চাপে কেউ কোন কিছু করতে বাধ্য হলে 'be' verb ব্যবহৃত হয়। যেমন:

I am to go there. (অর্থাৎ কারো চাপে আমি সেখানে যেতে বাধ্য।)

He was to do the work. (=তিনি কাজটি করতে বাধ্য হয়েছিলেন।)

পক্ষান্তরে, নিজের প্রয়োজনে কারো কিছু করা আবশ্যক হলে সেখানে have ব্যবহৃত হয়। যেমন:

I have to go there. (অর্থাৎ আমার সেখানে যাওয়া আবশ্যক)

He had to go to a doctor. (=তিনি ডাক্তারের কাছে না যেয়ে পারেন নি।)

Past obligation বুঝাতে must-এর past form হিসেবেও 'had to' ব্যবহৃত হয়। যেমন:

I had to visit my mother last week.

They had to finish the job by noon.

11.Subject + L-v + Adjective + to infinitive.

The function of the 'to-infinitive' in this pattern is to modify an adjective অর্থাৎ এই pattern-এ ব্যবহৃত 'to-infinitive'-এর function হচ্ছে adjective-কে modify করা। যেমন:

He is strong enough to lift this box. (এই বাক্সটি তোলার জন্য সে যথেষ্ট শক্তিশালী)

The money was adequate enough to meet my needs. (আমার প্রয়োজন মেটাবার জন্য টাকাটা যথেষ্ট ছিল।)

পক্ষান্তরে, এই pattern-এ adjective-এর আগে 'too' ব্যবহার করে নেতিবাচক ধারণা প্রকাশ করা হয়। যেমন:

He was too weak to walk. (সে এত দুর্বল ছিল যে হাঁটতে পারত না।)

They are too poor to buy a house. (তারা এত গরীব যে বাড়ী কিনতে পারে না।)

12. Subject + Verb + Noun/Pronoun + to-infinitive

This pattern is used when we ask or want someone to do or not to do anything অর্থাৎ যখন আমরা কাউকে কিছু করতে বা না করতে বলি অথবা যখন আমরা চাই যে কেউ কিছু করুক বা না করুক তখন এই pattern-টি ব্যবহৃত হয়। নীচের বাক্যগুলো দেখ :

I want you to wait here.

He asked me to go.

We advised him to study English.

She warned us not to be late.

They did not allow me to smoke there.

আরো যে সব verb-কে এই pattern-এ ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে : ***tell, order, command, persuade, encourage, urge, request, expect, force, tempt, teach, invite, help, like, permit, remind*** ইত্যাদি।

13. Subject + Verb + Noun / Pronoun + Bare infinitive

নীচের বাক্যগুলো লক্ষ কর:

I saw her cross the road.

Did you hear her sing?

She watched them steal the bicycle.

He observed me draw the picture.

৬ নং pattern-এ যেখানে present participle ব্যবহার করে কোন কাজের চলমান অবস্থা বুঝানো হয়েছে সেখানে এই pattern-এ bare infinitive ব্যবহার করে complete action বুঝানো হয়েছে। যেমন নীচের বাক্য দু'টির অর্থের পার্থক্য লক্ষ কর:

I saw him crossing the road. (আমি দেখলাম তিনি রাস্তা পার হচ্ছেন।)

I saw him cross the road. (আমি দেখলাম তিনি রাস্তাটি পার হলেন।)

অর্থাৎ প্রথম বাক্যে রাস্তা পার হওয়ার মাঝখানে কোন এক পর্যায়ে তাকে দেখা বুঝানো হয়েছে কিন্তু দ্বিতীয় বাক্যে তার রাস্তা পার হওয়ার পুরো ব্যাপারটা দেখা বুঝানো হয়েছে।

এই structure-এ ভিন্ন অর্থে help, let, make এবং bid-ও ব্যবহার করা যায়। যেমন:

The film made the spectators cry.

He helped me do the work.

They did not let me smoke there.

I bade him leave the house.

এই বাক্যগুলোতে ***make*** দিয়ে কাউকে কিছু করতে বাধ্য করা, ***help*** দিয়ে কাউকে কিছু করতে সাহায্য করা, ***let*** দিয়ে কাউকে কিছু করতে দেয়া এবং ***bid*** দিয়ে কাউকে করতে আদেশ করা বুঝানো হয়েছে।

14.Subject + Vt + (interrogative + to-infinitive)

In this pattern, the 'interrogative + to-infinitive' phrase works as an object of the transitive verb before it অর্থাৎ এই pattern-এ interrogative যুক্ত to-infinitive phrase-টি তার পূর্ববর্তী transitive verbs-টির object হিসেবে কাজ করে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I don't know how to swim.

He couldn't decide what to do.

Don't forget when to return.

I wonder where to find him.

I can't guess whom to ask this question.

আরো যে সব verb-কে এই structure-এ ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে : ***understand, remember, settle, find out, enquire, see, explain, learn, consider*** ইত্যাদি।

15. Subject + Vt + Object + (interrogative + to-infinitive)

The 'interrogative + to infinitive' phrase in this structure follows the indirect object and works like a direct object অর্থাৎ এই pattern-এ ব্যবহৃত 'interrogative + to-infinitive' phrase-টি indirect object-এর পরে direct object হিসেবে কাজ করে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I shall tell you how to operate this machine.

He taught me how to ride a bicycle.

We asked her how to get there.

I shall show him where to get tickets.

Could you please advise me what to do now?

16.Subject + Vt + Object + Past Participle

The past participle in this pattern modifies the object before it. এই pattern-টি ব্যবহার ক'রে প্রধানত: কাউকে দিয়ে কিছু করিয়ে নেয়া বুঝায়। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I got the letter typed by him. (আমি তাকে দিয়ে চিঠিটা টাইপ করিয়ে নিয়েছিলাম।)

I want my egg poached.

He had his room cleaned.

I heard my name called.

We found the house deserted.

আরো যে সব verb–কে pattern-এ ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে : ***see, feel, wish, like, make, prefer*** ইত্যাদি।

17.Subject + Be + Adjunct

The 'be' verb in this pattern has an intransitive quality অর্থাৎ এই pattern-এ ব্যবহৃত 'be' verb-এর বৈশিষ্ট হচ্ছে intransitive. অন্য intransitive verb-এর মত এখানে 'be' verb-এর পরেও adjunct ব্যবহার করা যায়। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I am here.

He is there.

These gifts are for you.

His speech was against the government.

The doctor then was not in his chamber.

The children are at school now.

18. Question Word + Be + Subject

This pattern forms a wh-question এবং-এর wh-question word-টি adverb-ও হতে পারে আবার noun / adjective হয়ে subject-কে modify করতে পারে। অর্থাৎ এই pettern-এর 'be' verb-টি intransitive কিংবা linking হতে পারে। নীচের বাক্যগুলো দেখ:

Where is your father? (adverb + Vi)

How are you? (adjective + L-v)

Who is that man? (pronoun + L-v)

When are you free? (adverb + L-v)

Why were you absent? (adverb + L-v)

শেষের বাক্য দু'টিতে subject-এর পরে তার complement ব্যবহৃত হয়েছে।

19. Sub + Vi + Od + Preposition + Prepositional Object

এই pattern-টি আসলে পূর্ববর্তী অধ্যায়ে বর্ণিত ৬ নং basic pattern (S + Vt + Oi + Od)-এর বিকল্প। যেমন, ৬ নং basic pattern-এর 'I gave him a book' বাক্যটিকেই আমরা এই pattern-এ ফেলে লিখতে পারি, 'I gave a book to him'. তবে এই pattern-টি সাধারণত: ব্যবহৃত হয় তখনই যখন direct object-টি কম important হয় কিংবা যখন indirect object-টি direct object-এর চেয়ে অধিকতর লম্বা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I lent my camera to a friend of mine.

The teacher gave homework to all the students.

He bought Eid gifts for all members of his family.

She told the story to everybody present there.

I offered tea to all my guests.

20. It + be + adjective + of + noun/pronoun + to-infinitive

এই অধ্যায়েরই প্রথমে 'it' কে empty subject হিসেবে ব্যবহার করে অনেক বাক্য দেখানো হয়েছে। এই structure-টির আরো কিছু বাক্য লক্ষ কর:

It is kind of you to help me.

It was stupid of her to make such a mistake.

It is foolish of Raghib to say such things.

It is very brave of you to meet him.

It was unwise of me to lend him the money.

এই pattern-এ আরো যে সব adjective ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে : ***good, generous, considerate, clever, wise, nice, wrong, polite, cowardly, silly, wicked, cruel, careless*** ইত্যাদি। নীচে 'It' সম্বলিত আরো কয়েকটি pattern লক্ষ কর।

21.It + be noun/adjective + present participle

এই pattern-এ present participle-টিকে gerundial phrase বলা যাবে। এটিই আসলে বাক্যটির আসল subject. নীচের বাক্যগুলো দেখ:

It is no good knocking on the door.

It is no use talking to her.

It is worth reading the book.

It was amusing visiting the zoo.

It is very nice meeting you.

It has been a pleasure travelling with you.

22. It + to take + noun/pronoun + Time phrase + to-infinitive

এই pattern দিয়ে বুঝানো হয় কোন কিছু করতে কারো কতটুকু সময় লাগে। নীচের বাক্যগুলো দেখ:

It takes me half an hour to walk to school. (স্কুলে হেঁটে যেতে আমার আধ ঘন্টা সময় লাগে)

It took her three weeks to get well. (সুস্থ হতে তার তিন সপ্তাহ সময় লেগেছিল।)

It will take you ten minutes to read the story. (গল্পটি পড়তে তোমার দশ মিনিট সময় লাগবে।)

It may take him an hour to do the work. (কাজটি করতে তার এক ঘন্টা সময় লাগতে পারে।)

It used to take us twenty minutes to prepare breakfast. (নাস্তা তৈরি করতে আমাদের বিশ মিনিট সময় লাগতো)

ঠিক এই pattern-এই ***take***-এর পরিবর্তে ***cost*** ব্যবহার ক'রে বুঝানো হয় কোন কিছু করতে বা কিনতে কারো কত টাকা খরচ হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর:

It cost me 50 taka to repair the watch. (ঘড়িটি ঠিক করতে আমার ৫০ টাকা খরচ হয়েছিল।)

It will cost you at least ten lakh taka to make a house. (একটা বাড়ী তৈরি করতে আপনার কম পক্ষে দশ লাখ টাকা লাগবে।)

It has cost us fifty thousand taka to publish the book. (বইটি প্রকাশ করতে আমাদের পঞ্চাশ হাজার টাকা লেগেছে।)

23.It + be + Adjective + to-infinitive

এই pattern-এ ব্যবহৃত 'to-infinitive-ও subject-হিসেবে কাজ ক'রে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

It is not so easy to learn English.

It is difficult to give up a habit.

It is bad to borrow money.

It is quite impossible to get the job.

It is cruel to slaughter animals.

It may be difficult to pass the examination.

It was difficult to say 'no' to her.

কিছু করা কেমন তা বুঝাতে সাধারণত: এই pattern ব্যবহৃত হয়। এই ধারণা প্রকাশ করতে নীচের ২৪ নং pattern-টিও ব্যবহার করা যায়।

24.Subjcet + Verb + Adjective + to-infinitive

নীচের বাক্যগুলো লক্ষ কর :

This book is easy to read.

He is very hard to please.

This food is difficult to digest.

Her lectures are difficult to understand.

His arguments are not easy to refute.

Your English is very clear to follow.

This material is difficult to wash.

This medicine is pleasant to take.

Compare this pattern with pattern 11 of this chapter.

25.Noun / Adjective Complement + Subject + L-v

This is a pattern of exclamatory sentences. Look at the ollowing sentences:

What a pathetic scene it was!

What a fool you are!

What a terrible noise it is!

How beautiful the flowers are!

How tragic this death is!

How clever the girl is!

এখানে প্রথম তিনটি বাক্যে noun complement এবং শেষের তিনটি বাক্যে adjective complement ব্যবহার করা হয়েছে। Exclamatory sentence-এ transitive এবং intransitive verb-ও ব্যবহার করা যায়। নীচের ২৬ নং pattern টি দেখ।

26.Noun / Adverbial + Subject + Vt/Vi

What a terrible noise they are making!

What sweet music she is playing!

What a large nose the girl has!

How quickly the days passed!

How well she dances!

How sweetly the cuckoo sings!

এখানে প্রথম তিনটি বাক্যে object হিসেবে noun phrase এবং subject-এর পরে transitive verb ব্যবহার করা হয়েছে। পক্ষান্তরে, শেষের তিনটি বাক্যে প্রথমে adverbial এবং subject-এর পরে intransitive verb ব্যবহার করা হয়েছে।

এই অধ্যায়ে simple sentence-এর আমরা অনেকগুলো irregular pattern দেখলাম। এর বাইরেও কিছু pattern থাকতে পারে।

Exercises

1. Identify the structural elements in the following one-clause sentences :

a) It is impossible for me to cheat her.

b) How beautiful the bird looks!

c) The little boy started crying to see me.

d) Walking down the hill seemed very risky.
e) Take off your shoes before entering the mosque.
f) Could you please post this letter for me?
g) There were fifty people on that boat.
h) You had better leave.
i) They had to do the work.
j) I saw the boys swimming in the pond.
k) I got my hair cut.
l) There will be no problem with him.
m) We saw the man drive off.
n) You should have helped the beggar.
o) It is useless waiting for her.
p) She was longing to see her family.
q) She lay smiling at me.
r) We happened to meet in the park.
s) They love going to the cinema every week.
t) There comes a wild dog.

2. Write sentences on the following structures using the verbs in the brackets:

a) S + Vt + Present Participle (***start, stop, mind, help, avoid***).
b) S + Vt + Noun / Pronoun + Present Participle (***watch, notice, observe, get, catch).***
c) S + Vt + to-infinitive (***try, continue, intend, hope remember).***
d) S + Vt + Noun / Pronoun + to-infinitive (***order, persuade, invite, permit, encourage).***
e) S + Vt + (***interrogative + to-infinitive. (understand, remember, see, explain, consider).***
f) S + Vt + Object + Past participle (***see, feel, wish, like, prefer).***

Chapter Eleven
The Compound Sentence

পূর্ববর্তী অধ্যায়গুলোতে আমরা শুধুমাত্র এক clause বিশিষ্ট বাক্য নিয়ে আলোচনা করেছি। A one-clause sentence is called a simple sentence অর্থাৎ এক clause বিশিষ্ট বাক্যকে simple sentence বলা হয়। এই অধ্যায়ে আমরা দেখাব, a sentence may consist of two or more clauses. দুই বা ততোধিক clause একটা sentence-এর মধ্যে থাকলে clause- গুলোর বৈশিষ্ট অনুসারে সেই sentence-টি compound কিংবা complex হতে পরে। এখানে আমরা শুধু ***compound sentence*** নিয়ে আলোচনা করব। প্রথমেই জেনে নেয়া যাক compound sentence কাকে বলে।

A sentence which contains two or more independent uses joined together by a co-ordinating conjunction is called ***a compound sentence*** অর্থাৎ যে sentence-এর মধ্যে কোন co-ordinating conjunction দ্বারা যুক্ত দুই বা ততোধিক independent clause থাকে তাকেই ***compound sentence*** বলা হয়। [N.B. (a) An independent clause (also called a ***main clause or a principal clause***) does not depend on another clause, although it may be linked to another independent or dependent clause অর্থাৎ independent clause (যাকে main clause কিংবা principal clause হিসেবেও অভিহিত করা হয়।) অন্য কোন clause-এর উপর নির্ভরশীল নয়, যদিও একে অন্য একটা Independent কিংবা dependent clause-এর সঙ্গে সংযুক্ত করা যায়। (b) A conjunction which joins independent clauses to form a comound sentence is called a co-ordinating conjunction or co-ordinator অর্থাৎ যে conjunction একাধিক independent clause-কে সংযুক্ত করে একটা compound sentence গঠন করে তাকেই co-ordinating conjunction বা co-ordinator বলা হয়।

যেমন, ***and, but, yet, or, nor, else, still, nevertheless, either-or, neither-nor*** ইত্যাদি হচ্ছে co-ordinating conjuction.] যেমন:

Raghib is a small boy ***but*** he is very clever.

এটি একটি compound sentence; এখানে 'Raghib is a small boy' একটি independent clause এবং 'he is very clever' ও একটি independent clause. এই দু'টি independent clause-কে 'and' conjunction-টি দ্বারা যুক্ত করে একটি compound sentence গঠন করা হয়েছে। এই ধরনের দু'টি independent clause বিশিষ্ট compound sentence-কে অনেক সময় ***Double Sentence*** হিসেবেও আখ্যায়িত করা হয়। আবার নীচের এই compound sentence-টি লক্ষ কর:

He buys a lot of books and spends his time reading but his brother always watches television.

এই বাক্যটিতে তিনটি independent clause আছে এবং এদেরকে ***and*** এবং ***but*** দ্বারা সংযুক্ত করা হয়েছে। এই ধরনের দু'য়ের অধিক main clause বিশিষ্ট compound sentence-কে অনকে সময় ***multiple sentence*** বলা হয়। নীচের compound sentence-গুলো লক্ষ কর:

The girl is not very beautiful, ***yet*** you will like her.

She is 80, ***nevertheless*** she is quite strong.

Shall we walk home ***or*** will you give us a lift?

My brother went out; I stayed at home.

I'll ***either*** phone you ***or*** I'll send you a note.

Neither he ***nor*** his brother was responsible for the murder.

উপরের বাক্যগুলোর একটিতে কোন co-ordinating conjunction নেই। তাতে বুঝা গেল, sometimes no conjunction is used to join the clauses in a compound sentence. এক্ষেত্রে দু' clause-এর মাঝখানে comma বা semi-colon জাতীয় কিছু ব্যবহার করা হয়। নীচের বাক্য দু'টিও লক্ষ কর:

Temperance promotes health, intemperance destroys it.

His profession was noble; his life happy.

Compound sentence-এর আরেকটি বড় বৈশিষ্ট হচ্ছে-এর brevity বা সংক্ষিপ্ততা। If the clauses in a compound sentence have got a common subject or finite verb, the sentence can be written in a shortened form by avoiding the needless repetition of the common element অর্থাৎ কোন compound sentence-এর clause গুলোতে যদি একই subject কিংবা finite verb থাকে তবে অহেতুক পুনরাবৃত্তি না করে বাক্যটিকে সংক্ষিপ্ত করা যায়। যেমন:

He came forward and ***he offered me help.***

এই বাক্যটিতে দু'টি clause আছে এবং দু'টি clause-এরই subject একই ব্যক্তি। অতএব দ্বিতীয় clause থেকে subject বাদ দিয়ে বাক্যটিকে এভাবে লেখা যায়:

He came forward and offered me help

আবার,

Some praise her beauty and ***some praise her talent.***

এই বাক্যটির দু'টি clause-এ একই verb ব্যবহার করা হয়েছে। অতএব দ্বিতীয় clause-এর verb-টিকে বাদ দিয়ে sentence-টিকে এভাবে সংক্ষিপ্ত করা যায়:

Some praise her beauty and some her talent.

আবার, 'He is poor but he is honest' বাক্যটির দুই clause-এ একই subject এবং verb ব্যবহার করা হয়েছে। অতএব, এখানে দ্বিতীয় clause থেকে subject এবং verb উভয়ই পরিহার করা সম্ভব। এই compound sentence-টির সংক্ষিপ্ত রূপ হচ্ছে 'He is poor but honest'. এখানে আরো কয়েকটি contracted compound sentence-এর উদাহরণ দেয়া হলো:

Either you or your brother should attend the meeting.

Neither he nor his father was kind to us.

He was not only rich but also generous.

The tortorise was slow but won the race.

এ ধরনের contracted sentence-গুলোর clause-গুলোকে যখন আলাদা করতে বলা হবে তখন প্রত্যেক clause-এর পূর্ণ form টাই লিখতে হবে। 'The man was rich but stingy' বাক্যটির co-ordinate clause দু'টি হচ্ছে যথাক্রমে 'The man was rich' এবং 'he was stingy' । তেমনি উপরের 'Neither he nor his father was kind to us' বাক্যটির co-ordinate clause দু'টি হচ্ছে 'He was not kind to us' এবং 'his father was not kind to us'.

এখন আমরা দেখব যে, compound sentence-এ ব্যবহৃত co-ordinating conjunction-গুলোর function বিভিন্ন রকম এবং এদের দ্বারা সংযুক্ত co-ordinate clause-গুলোর মধ্যেকার connection ও বিভিন্ন রকম।

Copulative Connection : এই ধরনের সম্পর্ক তৈরি করা হয় এমন সব conjunction-এর দ্বারা যাদের কাজ হচ্ছে দু'টি clause কে এক সঙ্গে যুক্ত করা। যেমন:

The minister came here ***and*** visited the school.

He was ***not only*** my brother, he was ***also*** my friend.

She cannot speak, ***nor*** can he write.

The guilty were punished ***as well as*** the innocent.

Adversative Connection : এই ধরনের বিরোধী সম্পর্ক তৈরি করা হয় এমন সব conjunction- এর দ্বারা যাদের কাজ হচ্ছে বিপরিতার্থক দু'টি clause কে এক সঙ্গে যুক্ত করা। যেমন:

He is rich ***but*** stingy.

He tried very hard, ***yet*** he failed in the exam.

She is not very beautiful, ***still*** everybody praises her.

They were very rich, ***nevertheless*** they were unhappy.

Alternative Connection : এই ধরনের সম্পর্ক তৈরি করা হয় এমন conjunction ব্যবহার করে যাদের কাজ হচ্ছে একটি clause- এর বিকল্প হিসেবে আরেকটি clause-কে উল্লেখ করা। যেমন:

Leave this place immediately, ***or*** you will be killed.

Either Hamlet was mad, ***or*** he feigned madness.

Neither a borrower, ***nor*** a lender be.

Walk quickly, ***else*** you will miss the bus.

Illative Connection : এ ধরনের সম্পর্কের ক্ষেত্রে দ্বিতীয় clause-এর কাজ হচ্ছে প্রথম clause-এর উপর ভিত্তি ক'রে কোন inference draw করা বা সিদ্ধান্তে আসা। যেমন:

The girl is shy, ***so*** she won't come here.

He works hard, ***therefore*** he will certainly pass the exam.

They played very well, ***consequently*** they won the match.

কিছু কিছু বাক্যকে compound sentence বলে মনে হতে পারে। যেমন:

Akib and Adib are good friends.

I ate bread and butter for breakfast.

এখানে দু'টি বাক্যের প্রতিটিতেই একটা subject এবং একটা finite verb রয়েছে। অতএব দু'টি বাক্যই simple এখানে। এখানে counjuction-টি দু'টো clause'-কে যুক্ত করেনি, যুক্ত করেছে দুটো শব্দকে। বলা যেতে পারে, 'Akib and Adib' হচ্ছে একটা compound subject এবং 'bread and butter' একটা compound object. মনে রাখতে হবে একটা compound sentence-এ সব সময়ই দুই বা ততোধিক independent clause থাকবে।

Analysis of Sentences শীর্ষক অধ্যায়ে আমরা compound sentence-এর analysis বা বিশ্লেষণ বিস্তারিত আলোচনা করব।

Exercises

1. **Join each of the following pairs and groups of sentences into one *compound* sentence using appropriate conjunctions:**

   a) It was raining hard that morning. I went to school.

   b) He came here in the morning. He spent the whole day with us. He left us at night.

   c) Raghib is a very bright student. Every teacher likes him.

   d) He came. He saw. He conquered.

   e) The girl cannot read. She cannot write.

   f) The boy was sick. He was walking very fast.

   g) The man apologized for his rude behaviour. I forgave him.

   h) He thanked me. He dried up his tears. He went away.

   i) I have no foe. I have no friend.

   j) Give every man thy ear. Give few men thy voice.

2. **Make compound sentences of your own with the following co-ordinating conjuctions:**

   either-or, neither-nor, and, yet, but, nevertheless, still, therefore, and ***so.***

Chapter Twelve
The Complex Sentence

Compound এবং Complex Sentence-এর মধ্যে একটা সাদৃশ্য হচ্ছে এই যে, উভয় ধরনের বাক্যেই একাধিক clause থাকে। তবে complex sentence অবশ্যই compound sentence থেকে আলাদা। একটা compound sentence-এর সবগুলো clause-ই যেখানে independent সেখানে একটা complex sentence-এর মধ্যে একটা clause শুধু independent এবং অন্য clause বা clause-গুলো হবে subordinate বা dependent প্রকৃতির। Complex sentence কি রকম সে সম্পর্কে আমরা এখন বিস্তারিত আলোচনা করব।

A ***complex sentence*** is one which contains one or more dependent clauses, in addition to its principal or independent clause অর্থাৎ একটা complex sentence হচ্ছে সেই sentence যার মধ্যে principal clause-টির সঙ্গে এক বা একাধিক dependent clause থাকে। [N.B. A clause which can be used on its own is called ***an independent clause*** অর্থাৎ যে clause কে একাকী ব্যবহার করা যায় তাকে ***independent clause*** বলা হয়। এর অন্য নাম হচ্ছে ***principal clause*** বা ***main clause.*** পক্ষান্তরে, a subordinate or dependent clause is one which must be used with another clause to form a complex sentence. অর্থাৎ একটা subordinate clause-হচ্ছে সেই clause যাকে অবশ্যই অন্য এটা clause-এর সঙ্গে ব্যবহার করতে হয়। একটি subordinate clause-এর অর্থ নির্ভর ক'রে তার সঙ্গে ব্যবহৃত principal clause-এর অর্থের উপর।] নীচের বাক্য দু'টি লক্ষ কর:

When it rained, ***we entered the house***.

When I saw him, ***I asked him*** what he was doing.

এখানে প্রথম বাক্যে দু'টি clause আছে- তার মধ্যে 'we entered the house' clause-টি independent এবং 'when it rained' clause-টি

dependent বা নির্ভরশীল। Dependent clause-টিকে স্বাধীনভাবে একাকী ব্যবহার করা যাবে না। পক্ষান্তরে, দ্বিতীয় বাক্যটিতে তিনটি clause আছে তার মধ্যে শুধু 'I asked him' clause-টি independent এবং বাকী clause দু'টি এই clause-টির উপর নির্ভরশীল।

Compound sentence-এর clause-গুলোকে একসঙ্গে সংযুক্ত করা হয় co-ordinating conjunction দ্বারা কিন্তু complex sentence-এর independent এবং dependent clause কে সংযুক্ত করা হয় ***because, when, unless, that*** জাতীয় subordinating conjunction-এর সাহায্যে। তবে এক্ষেত্রে একটা জিনিস বিশেষভাবে লক্ষণীয়। নীচের বাক্য দু'টি লক্ষ কর:

He is a small boy ***but*** he is very strong.

I know ***that he is very strong.***

এখানে প্রথম বাক্যটি compound এবং co-ordinating conjunction-টি তার দু'পাশের independent clause দু'টি থেকে আলাদা। কিন্তু দ্বিতীয় বাক্যটি একটা complex sentence এবং-এর subordinating conjunction (that)-টি subordinate clause-টির একটা অবিচ্ছেদ্য অংশ। অর্থাৎ a subordinating conjunction always forms an inseparable part of the subordinate clause.

এখন আমরা দেখব একটা complex sentence এ ব্যবহৃত subordinate clause-গুলো কত রকম হতে পারে। The subordinate clauses in a complex sentence may function like a noun, adjective or adverb. অর্থাৎ function অনুসারে subordinate বা dependent clause তিন রকম : ***Noun clause, Adjective clause*** এবং ***Adverbial clause.***

1. The Noun Clause

The ***noun clause*** or ***nominal clause*** functions like a noun or noun phrase অর্থাৎ noun clause বা nominal clause একটা noun বা noun phrase-এর মত কাজ করে। একটা simple sentence এ কোন

noun বা noun phrase যে ধরনের কাজ করে থাকে, complex sentence এ একটা noun clause ও সেই কাজ করে থাকে। যেমন:

I know ***it***.

I know ***Rekha***.

I know ***the girl.***

I know ***that she is very bright***.

এখানে প্রত্যেকটি বাক্যেই 'know' হচ্ছে একটা transitive verb এবং এর পরে বসেছে তার object. কিন্তু চারটা বাক্যের object চার রকম। প্রথম বাক্যের object একটা pronoun, দ্বিতীয় বাক্যের object একটা noun, তৃতীয় বাক্যের object একটা noun phrase এবং চতুর্থ বাক্যটির object হচ্ছে একটা clause. এই clause-টি একটা transitive verb-এর object হিসেবে কাজ করেছে বলেই একে বলতে হবে noun clause. এখানে প্রথম তিনটি বাক্য simple কিন্তু শেষ বাক্যটি complex. আমরা এখন noun clause-এর নানা রকম ব্যবহার দেখব।

a) Object হিসেবে

When the noun clause is used as an object, the verb in the principal clause must be transitive অর্থাৎ noun clause কে যখন object হিসেবে ব্যবহার করা হয় তখন principal clause-এর verb কে অবশ্যই transitive হতে হয়। নীচের বাক্যগুলোতে noun clause-এর অবস্থান ও function লক্ষ কর:

He said ***that he would attend the party***.

I know ***that Raghib is very intelligent.***

We hope ***that he will pass the examination***.

Everybody admits ***that Alam is very honest.***

They expected ***that you would help them.***

Nobody believed ***that he was a terrorist.***

I could not imagine ***that he was a cheat.***

এখানে ব্যবহৃত প্রত্যেকটি noun clause ই 'that' দিয়ে শুরু হয়েছে। সেজন্য এই noun clause-গুলোকে আমরা ***that clause*** হিসেবেও অভিহিত করতে পারি। Informal ইংরেজীতে অনেক সময় এই structure-এর 'that' কে omit করা হয়। যেমন:

We hope he will pass the exam.

Nobody believed he was a terrorist.

Conjunction বিহীন এই ধরনের বাক্যকে ***fused sentence*** বলা হয়।

Noun clause-এর এই ধরনের ব্যবহারের ক্ষেত্রে sequence of tenses নামক principle-টি maintain করতে হয়। Principle টা হচ্ছে এই যে, principal clause এ present অথবা future tense থাকলে subordinate clause-টি প্রয়োজন অনুসারে যে কোন tense এ হতে পারে। কিন্তু A past tense in the independent clause is followed by a past tense in the dependent clause. For example:

I suggest ***that he (should) tell the truth.***

I think ***that she is sleeping.***

He will not believe ***that I am here.***

She replied ***that she would go with me.***

I did not know ***that he was a hypocrete.***

Subordinate clause-টি কোন universal truth প্রকাশ করলে sequence of tenses প্রযোজ্য হবে না। যেমন:

The teacher said ***that honesty is the best policy.***

Galileo maintained ***that the earth moves round the sun.***

এ পর্যন্ত যতগুলো noun clause দেখানো হলো সবগুলোই that clause কিন্তু object হিসেবে ব্যবহৃত noun clause আবার question word দিয়েও শুরু হতে পারে। যেমন:

I know ***how he got the job.***

I don't understand ***what you are saying.***

Do you know ***why he came here***?

May I ask ***when you will come back***?

He did not say ***where he had gone***.

Do you know ***whose book it is?***

শুধু question word নয়, এই structure এ noun clause-এর শুরুতে ***if*** কিংবা ***whether*** ও ব্যবহার করা যায়। যেমন:

The committee asked ***whether I knew that man.***

Do you know ***if she is coming***?

I'll see ***if she wants to come***.

Noun clause যেমন direct object হিসেবে সরাসরি transitive verb এর পরে বসতে পারে সে রকম তা আবার indirect object-এর পরেও বসতে পারে। যেমন:

He told me ***that he would help me***.

I asked him ***where he was going***.

He showed me ***what he was doing.***

She asked me ***when I would see her.***

কোন কোন ক্ষেত্রে noun clause কে indirect object হিসেবেও ব্যবহার করা যায়। যেমন:

He told ***whomever he met*** the story of his success.

তবে indirect object হিসেবে noun clause-এর ব্যবহার খুব সীমিত।

b) Subject হিসেবে

Noun clause-কে আমরা principal clause-এর subject হিসেবে ব্যবহার করে complex sentence গঠন করতে পারি। নীচের বাক্যগুলোতে noun clause-এর ব্যবহার লক্ষ কর:

That the earth is round is known to all.

When they will arrive is uncertain.

What he said was not true.

How she was killed is still a mystery.

That you should behave so rudely is very strange.

Whether he will come is not certain.

That he failed the examination hurt me.

এখানে একটা জিনিস লক্ষণীয় যে, এই বাক্যগুলোর subject noun clause হওয়ায় এদের main clause-গুলো আলাদাভাবে complete নয়। এক্ষেত্রে main clause-টিকে আলাদাভাবে লিখতে হলে তার verb-এর আগে subject হিসেবে 'it' ব্যবহার করতে হবে। যেমন, উপরের প্রথম বাক্যটির main clause হচ্ছে 'It is known to all'. একইভাবে দ্বিতীয় বাক্যটির main clause হচ্ছে 'It is uncertain'. এই ধরনের 'It' যুক্ত main clause কে সামনে এনেও অনেক complex sentence লেখা যায়। যেমন:

It is uncertain ***when they will arrive.***

It hurt me ***that he failed the examination.***

It is not certain ***whether he will come.***

এই বাক্যগুলোতেও noun clause-গুলো subject হিসেবেই ব্যবহৃত হয়েছে। তবে এখানে subject-টিকে তার মূল অবস্থান থেকে সরিয়ে নেয়া হয়েছে বলে একে আমরা postponed subject বলতে পারি।

c) Preposition-এর পরে Completive হিসেবে

Please listen to ***the news.***

Please listen to ***what he says.***

এখানে প্রথম বাক্যটিতে preposition-এর পরে noun phrase ব্যবহার করা হয়েছে এবং এটি একটি simple sentence কিন্তু দ্বিতীয় বাক্যে ঐ noun phrase-এর স্থলেই একটি clause ব্যবহার করা হয়েছে। অতএব এটি একটি noun clause এবং পুরো বাক্যটি একটা complex sentence হয়ে গেছে। অনেক ক্ষেত্রেই noun clause কে এরকম prepositional complement বা ***completive*** হিসেবে ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর:

Pay attention to ***what I am going to say.***

There is no truth in ***what you said.***

This letter is from ***where I once worked.***

She depended entirely on ***whom I sent with her.***

We had no problem except ***that the weather was very hot.***

d) Complement হিসেবে

This is ***my residence.***

This is ***where I live.***

এখানে প্রথম বাক্যটিতে 'my residence' একটা noun phrase এবং It is a complement to the subject. বুঝাই যাচ্ছে এটি একটি simple sentence কিন্তু দ্বিতীয় বাক্যটিতে complement to the subject হিসেবে একটা clause ব্যবহার করা হয়েছে। প্রথম বাক্যের complement-এর মত এটাও noun-এর মতই কাজ করেছে বলে এটাকে noun clause হিসেবেই অভিহিত করা হবে। Noun clause কে এভাবে অনেক সময়ই linking verb-এর পরে subjective complement হিসেবে ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলোতে noun clause-এর ব্যবহার দেখ:

This is ***what I exactly need.***

Life is ***what we make it.***

The question was ***whether we would attend the meeting.***

His anxiety was ***that he would fail to test.***

This is ***whom you asked to come.***

Objective complement হিসেবে noun clause-এর ব্যবহার খুব একটা দেখা যায় না। নীচের বাক্য দু'টি লক্ষ কর:

We elected him ***what he wanted to be.***

I called him ***what he called me.***

এখানে noun clause কে তার পূর্ববর্তী object-এর complement হিসেবে ব্যবহার করা হয়েছে।

e) Appositive হিসেবে

My friend, Nazrul Islam, is a teacher

এটি একটি simple sentence এবং এখানে 'My friend' এবং 'Nazrul Islam' phrase দু'টি একই ব্যক্তিকে refer করছে। এজন্য দু'টি phrase কেই পরস্পরের appositive বলা হয়। একইভাবে, কোন noun-এর appositive হিসেবে noun clause ব্যবহার করে complex sentence গঠন করা যায়। যেমন:

The news ***that he was arrested*** is not true.

এখানে ব্যবহৃত noun clause-টি যে তার পূর্ববর্তী noun phrase-টির একটা appositive তার প্রমাণ হচ্ছে এই যে, 'The news' phrase-টি এবং 'that he was arrested' clause-টি দিয়ে একই ঘটনাকে বুঝানো হয়েছে। দু'টো item এর যে কোন একটি ব্যবহার করলেও বাক্যের শুদ্ধতা বজায় থাকবে। যেমন:

The news is not true. কিংবা

That he was arrested is not true.

আরো কয়েকটি বাক্যে appositive হিসেবে noun clause-এর ব্যবহার দেখ:

The rumour ***that she married*** proved false.

You should not forget this ***that honesty is the best policy.***

It is unfortunate ***that she has lost her husband.***

শেষের দু'টি বাক্যের noun clause দু'টি যথাক্রমে 'this' এবং 'it' pronoun-এর appositive.

f) অন্যভাবে

Noun clause-এর উপরোক্ত ব্যবহারগুলো ছাড়াও আরেকটা বিশেষ ব্যবহার আছে। 'Be' verb পরবর্তী adjective অথবা noun-এর পরেও আমরা noun clause ব্যবহার করতে পারি। নীচের construction-গুলো লক্ষ কর:

I am glad ***that you have come***.

He was afraid ***that he would miss the train.***

The doctor was sure ***that he would recover.***

There is no doubt ***that he is very honest.***

There is every possibility ***that he will pass the test.***

এই ধরনের বাক্যে 'be' verb ছাড়া অন্য verb ও বসতে পারে। যেমন:

He ***felt*** sorry that he had broken my camera.

I ***have*** no idea ***where he lives.***

2. The Adjective Clause

A subordinate clause which does the work of an adjective in a complex sentence is called an ***adjective clause*** অর্থাৎ যে subordinate clause কোন complex sentence এ adjective-এর মত কাজ করে তাকেই ***adjective clause*** বলা হয়। আমরা জানি, adjective কিংবা adjective phrase-এর কাজ হচ্ছে কোন noun বা pronoun কে modify করা। অনুরূপভাবে, adjective clause-এরও কাজ হচ্ছে-এর সঙ্গে সংযুক্ত principal clause-এর কোন noun বা pronoun কে modify করা। নীচের বাক্য দু'টি লক্ষ কর।

The girl ***in a green saree*** is my cousin.

The girl ***who is wearing a green saree*** is my cousin.

এখানে প্রথম বাক্যে মোটা অক্ষরে লেখা phrase-টির কাজ হচ্ছে তার আগের noun টিকে modify করা। এটি একটি adjective phrase এবং বাক্যটি একটি simple sentence কিন্তু দ্বিতীয় বাক্যে মোটা অক্ষরে লেখা item-টি একটা clause (কারণ-এর মধ্যে একটা subject এবং একটা finite verb আছে) এবং-এর কাজও প্রথম বাক্যের phrase-টির মতই তার আগের noun-টিকে modify করা। অতএব এটি হচ্ছে একটা adjective clause. এই বাক্যটিতে 'The girl is my cousin' হচ্ছে principal clause.

An adjective clause is introduced by a relative pronoun or relative adverb অর্থাৎ adjective clause শুরু হয় একটা relative

pronoun বা relative adverb দিয়ে (যে pronoun বা adverb দিয়ে কোন adjective clause শুরু হয় তাকেই আমরা relative pronoun বা relative adverb বলতে পারি এবং relative pronoun বা adverb পূর্ববর্তী যে noun বা pronoun কে refer করে তাকে ***antecedent*** বলা হয়)। যেমন:

This is the boy ***who saw you yesterday.***

এখানে 'who saw you yesterday' হচ্ছে adjective clause, 'who' হচ্ছে relative pronoun এবং 'boy' হচ্ছে antecedent. আবার,

This is the place ***where the accident happened.***

এখানে 'where the accident happened' হচ্ছে adjective clause, 'where' হচ্ছে relative adverb এবং 'place' হচ্ছে antecedent. Adjective clause-এর আরেক নাম হচ্ছে ***relative clause.***

A relative clause can be used in two positions – namely ***medial*** and ***lateral*** অর্থাৎ relative clause কে আমরা মধ্যবর্তী এবং পার্শ্ববর্তী এই দুই অবস্থানে ব্যবহার করতে পারি। যেমন:

The man ***who is sitting over there*** is a poet.
The place ***where I worked*** was very noisy.
The girl ***whom he loved*** has deceived him.
The book ***that I bought yesterday*** is missing.
The chair ***which is kept there*** is broken.

লক্ষ করা যাচ্ছে, এই বাক্যগুলোতে principal clause-টি দু'ভাবে বিভক্ত হয়ে গেছে এবং adjective / relative clause-টি বসেছে এই দু'অংশের মাঝখানে। এটাই হচ্ছে adjective clause-এর medial বা মধ্যবর্তী অবস্থান। পক্ষান্তরে,

I know the boy ***who came to you.***
He helps the people ***that are needy.***
This is the man ***whose bag is missing.***
Do you know the time ***when the train leaves?***
This is the girl ***whom you asked to come.***

এই বাক্যগুলোতে adjective clause ব্যবহৃত হয়েছে principal clause-এর পরে। এটাই হচ্ছে adiective clause-এর lateral বা পার্শ্ববর্তী অবস্থান।

Adjective clause-এর subject হিসেবে সাধারণত: তিনটি relative pronoun ব্যবহৃত হয় : ***who, which,*** এবং ***that.*** নীচের বাক্যগুলো লক্ষ কর:

The boy ***who is crying there*** is known to me.
These are the people ***who need help.***
The pen ***which writes very well*** is mine.
These are the books ***which were missing yesterday.***
The man ***that came here*** is a poet.
The people ***that came here*** are all beggars.
This is the shirt ***that was washed yesterday.***
The watches ***that look nice*** are very expensive.

উপরের বাক্যগুলো থেকে বুঝা যাচ্ছে, ***who*** ব্যবহৃত হয় শুধু ব্যক্তিকে বুঝাতে, ***which*** ব্যবহৃত হয় শুধু বস্তুকে বুঝাতে এবং ***that*** ব্যবহৃত হয় ব্যক্তি এবং বস্তু উভয়কে বুঝাতে। এখানে আরেকটা জিনিস লক্ষণীয় যে, একই relative pronoun ব্যবহার ক'রে singular এবং plural-উভয় ধরনের antecedent কে refer করা যায়। যে relative pronoun-টিকে adjective clause-এর subject হিসেবে ব্যবহার করা হয় তাকে কখনোই omit করা বা বাদ দেয়া যায় না। কারণ, subject ছাড়া তো কোন clause হয় না।

পক্ষান্তরে, Adjective clause এ object হিসেবে ব্যবহৃত relative pronoun-গুলো হচ্ছে ***whom, which*** এবং ***that.*** এক্ষেত্রেও ***whom*** দিয়ে শুধু ব্যক্তিকে, ***which*** দিয়ে শুধু বস্তুকে এবং ***that*** দিয়ে ব্যক্তি ও বস্তু উভয়কে বুঝানো হয়। এগুলোও singular এবং plural উভয় প্রকার antecedent কে refer করতে পারে। যেমন:

The boy ***whom/ that she helped*** is very needy.
The people ***whom / that we invited*** are all our relatives.

The food ***which / that we ate*** was excellent.

The books ***which / that you gave me*** were very old.

Informal ইংরেজীতে object হিসেবে ***whom***-এর পরিবর্তে ***who*** ব্যবহার করা যায়। যেমন:

The girl ***who he loves*** is very beautiful.

All the people ***who we invited*** turned up in time.

এছাড়া object হিসেবে ব্যবহৃত relative pronoun কে avoid বা পরিহারও করা যায়। যেমন:

The guests ***we invited*** have arrived.

This is the book ***I wanted.***

Here is the money ***you need.***

আমরা বলতে পারি, এই adjective clause-গুলোর শুরুতে আমরা zero ***relative pronoun*** ব্যবহার করেছি। Object হিসেবে ব্যবহৃত ***whom*** এবং ***which*** relative pronoun দু'টির আগে preposition ব্যবহার করা যায় (***that***-এর আগে নয়।) যেমন:

The girl ***with whom you were talking*** is very pretty.

He is a man ***on whom you can depend.***

This is the man ***from whom I received a letter last week.***

The chair ***on which he sat*** was very old.

This is the book ***from which I copied the essay.***

Informal-ইংরেজীতে adjective clause-এর initial preposition কে shift ক'রে clause-এর terminal position-এ অর্থাৎ শেষে নিয়ে যাওয়া যায়। তখন ***whom***-বা ***which*** এর বিকল্প হিসেবে ***that*** ও ব্যবহার করা যাবে। যেমন:

The girl ***whom/ who/ that you were talking with*** is very pretty.

The chair ***which /that he sat on*** was very old.

এখন আবার clause-এর শুরুতে object থাকায় সেটি optional হয়ে গেল। এক্ষেত্রে relative pronoun-টিকে avoid –ও করা যাবে। যেমন:

The girl ***you were talking with*** is very pretty.

The chair ***he sat on*** was very old.

এই ধরনের আরো কয়েকটি বাক্য লক্ষ কর:

The man ***I borrowed the money from*** is very generous.

I know the country ***he comes from.***

Who is that man ***you were quarrelling with***?

This is the house ***they live in.***

The stick ***I was beating the snake with*** was not very strong.

An adjective clause may also be introduced by the possessive form of a relative pronoun অর্থাৎ adjective clause-এর শুরুতে relative pronoun-এর possessive form ও ব্যবহার করা যায়। যেমন:

The boy ***whose mother was ill*** was crying there.

The book ***of which the cover is torn*** is mine.

লক্ষ করা যাচ্ছে, ***who***-এর possessive form হচ্ছে whose, কিন্তু ***which***-এর কোন possessive form নেই। এজন্য ***which*** এর সঙ্গে of ব্যবহার করে তার possessive form গঠন করা হয়েছে। এরকম আরো দুটি বাক্য লক্ষ কর:

This is the committee of which you are a member.

The house ***in front of which there is a garden looks very beautiful.***

Relative clause আবার ***restrictive*** এবং ***non-restrictive*** এই দুই রকম হতে পারে।

A ***restrictive relative clause*** tells us which particular person or thing the speaker is talking about অর্থাৎ restrictive relative

clause-এর সাহায্যে আমরা জানতে পারি বক্তা কোন বিশেষ ব্যক্তি বা বস্তুর কথা বলছেন। যেমন:

My brohter ***who lives in London*** is a doctor.

এখানে বুঝানো হচ্ছে যে বক্তার একাধিক ভাই আছে। তার মধ্যে একজন লন্ডনে থাকেন এবং সেই লন্ডণে থাকা ভাইটি একজন ডাক্তার। এই অধ্যায়ে আমরা এ পর্যন্ত যতগুলো adjective clausc ব্যবহৃত করেছি সবগুলোই restrictive relative clause. এই ধরনের clause-এর আগে বা পরে সাধারণত: কোন comma ব্যবহার করতে হয় না। পক্ষান্তরে, A ***non-restrictive relative clause*** provides further information about its antecedent, instead of saying which particular person or thing the speaker is talking about. অর্থাৎবক্তা কোন ব্যক্তি বা বস্তুর কথা বলছেন তা না বলে non-restrictive relative clause সাধারণত: তার antecedent সম্পর্কে একটি অতিরিক্ত তথ্য সরবরাহ করে। যেমন:

My brother, ***who lives in London,*** is a doctor.

এখানে বুঝানো হচ্ছে যে বক্তার একটাই ভাই আছে এবং তিনি একজন ডাক্তার। অতিরিক্ত তথ্য হিসেবে বক্তা বলেছেন যে তার ভাই লন্ডনে থাকেন। এ ধরনের clause-এর আগে এবং পরে comma ব্যবহার করা হয়। আরো দু'টি এরকম clause লক্ষ কর:

My son, ***who is only three years old,*** can speak English.

This book, ***which you gave me,*** reads excellent.

অনেক সময় একটা গোটা principal clause কে modify করার জন্য একটা relative clause ব্যবহার করা হয়। যেমন:

He smokes cigarettes, ***which is a bad habit***

এখানে 'which is a bad habit' clause-টির antecedent কিন্তু 'cigarettes' নয়, 'He smokes cigarettes' এই পুরো clause-টি। এটার ব্যবহারও non-restrictive clause-এর মত। এখানে বুঝানো হয়েছে যে, তার সিগারেট খাওয়াটা একটা তথ্য এবং অতিরিক্ত আরেকটা তথ্য হচ্ছে এই যে সিগারেট খাওয়াটা একটা খারাপ অভ্যাস।

আমরা বলেছি subject হিসেবে ব্যবহৃত relative pronoun কে avoid করা যায় না। কিন্তু informal style এ অনেক সময় 'There + be + subject' জাতীয় principal clause-এর পরে ব্যবহৃত relative clause-এর subject কে পরিহার করা হয়। নীচের বাক্য দু'টি লক্ষ কর:

There was a man ***(who) called to see you.***

There is somebody ***(who) wants you on the phone.***

The relative pronoun 'who' is avoidable in such sentences.

অনেক সময় Adjective clause-এর শুরুতে ব্যবহৃত ***when*** এবং ***why*** জাতীয় relative adverb ও উহ্য থাকতে পারে। যেমন:

On the day ***(when) you came home, there was a storm.***

The reason ***(why) he wants to see you is to borrow some money***

এই বাক্য দু'টিতে ***when*** এবং ***why*** কে পরিহার করা যাবে।

এখন একটা অন্য রকম ***relative pronoun***-এর ব্যবহার দেখ:

There is no mother ***but loves her children***.

এখানে 'but' এমন একটা relative pronoun যা দিয়ে adjective clause-টির একটা negative অর্থ প্রকাশ করা হয়েছে। এখানে 'but loves' অর্থ হচ্ছে 'who does not love' অনুরূপভাবে,

There was no chair ***but was occupied.***

এখানে 'but was occupied' অর্থ হচ্ছে 'which was not occupied'.

3. The Adverbial Clause

A subordinate clause which does the work of an adverbial in a cmplex sentence is called ***an adverbial clause*** অর্থাৎ যে

subordinate clause কোন complex sentence এ adverbial-এর মত কাজ করে তাকেই adverbial clause বলা হয়। যেমন:

The guests arrived ***after sunset.***

The guests arrived **after the sun had set.**

এ দু'টি বাক্যের অর্থ একই কিন্তু verb-এর modifier আলাদা। প্রথম বাক্যটিতে 'arrived' verb টিকে modify করতে একটা adverbial phrase ব্যবহার করা হয়েছে। কিন্তু দ্বিতীয় বাক্যটিতে 'arrived' verb-টিকে modify করতে একটা clause ব্যবহার করা হয়েছে। অতএব, দ্বিতীয় বাক্যের 'after the sun had set' clause-টিই একটা adverbial clause. এই বাক্যটি থেকে বুঝা যাচ্ছে কোন adverbial clause-এর কাজ হচ্ছে তার সঙ্গে সংযুক্ত principal clause-এর verb কে modify করা। Adverbial clause তার principal clause-এর verb কে নানাভাবে modify করতে পারে এবং এই modification-এর নামও বিভিন্ন হয়ে থাকে। আমরা এখানে বেশ কয়েক রকম adverbial clause-এর ব্যবহার দেখাব।

(a) Adverbial Clauses of Time : These clauses say ***when*** the action mentioned in the principal clause takes place অর্থাৎ adverbial clauses of time-এর মাধ্যমে আমরা জানতে পারি main clause এ উল্লেখিত কাজটি কখন ঘটে। Adverbial clause of time-এর শুরুতে যে সব subordinating conjunction ব্যবহৃত হয় তাদেরকে আমরা time conjunction বলতে পারি। ***when, while, before, after, since, as, whenever*** জাতীয় conjunction-গুলো হচ্ছে time conjunction. নীচের বাক্যগুলোতে বিভিন্ন time conjunction যুক্ত time clause-এর ব্যবহার দেখ:

I take a bath ***before I eat breakfast.***

When I go to Dhaka, I usually stay with my cousin.

Things were different ***when I was a child.***

উপরের বাক্য গুলিতে দেখা যাচ্ছে, Adverbial clause of time আগে বসলে তার পরে comma ব্যবহৃত হয়। কিন্তু Principal clause আগে বসলে তার পরে comma ব্যবহৃত হয় না। এটি একটি সাধারণ নিয়ম, তবে এই

নিয়মটা সব সময় প্রযোজ্য নয়। আধুনিক ইংরেজীতে time clause আগে বসলেও অনেক সময়ই তার পরে comma ব্যবহার করা হয় না। যেমন:

When you finish your work you can go home.

এই বাক্যগুলোতে 'when'-এর অর্থ হচ্ছে 'at what time' বা যখন। 'At whatever time বা "যখনই" বুঝাতে আমরা ***whenever*** ব্যবহার করতে পারি। যেমন:

See me ***whenever you can make time.***

একটি দীর্ঘতর কাজের মাঝখানে অন্য একটা কাজ ঘটলে conjuction হিসেবে আমরা ***while*** ব্যবহার করি। যেমন:

You should not have talked ***while she was singing.***

While I was watching television, the telephone rang.

একটি কাজ ঘটার সাথে সাথে অন্য একটা কাজ ঘটলে তা বুঝাতে 'as soon as', 'as' কিংবা 'just as' ব্যবহৃত হয়। যেমন:

As soon as he heard the news he began to cry.

As the teacher entered the classroom all the students stood up

Just as she saw me she walked away.

একটা কিছু হতে না হতেই অন্য একটা কিছু ঘটলে আমরা No sooner ... than ব্যবহার করি। যেমন:

No sooner had we reached the station than the train left.

No sooner did we start for home than it began to rain.

লক্ষ ক'রে থাকবে, এই ফর্মূলায় time clause এ মূল verb এবং subject-এর আগে tense অনুসারে প্রয়োজনীয় auxiliary verb বসাতে হয়।

একটা কাজের আগে বা পরে কিছু ঘটলে তা বুঝাতে যথাক্রমে ***before*** এবং ***after*** ব্যবহৃত হয়। যেমন:

I shall go there ***after I finish this work.***

Turn the light off ***before you go to bed.***

After you have finished your work, please give me a ring.

এক্ষেত্রে, দু'টি কাজই অতীতে সংঘটিত হয়ে থাকলে ***British formal*** ইংরেজীতে আগের কাজটি ***past perfect tense*** এ এবং পরের কাজটি ***past indefinite tense*** এ লিখতে হয়। যেমন:

The patient had died ***before the doctor came.***

He had telephoned me ***before he went to Dhaka.***

We reached the station ***after the train had left.***

After the rain had ceased we began to walk again.

তবে informal ইংরেজীতে এই বাক্যগুলোতে উভয় clause কেই past indefinite tense এ লেখা যাবে। যেমন:

He phoned me ***before he left.***

We reached there ***after the sun set.***

কোন একটা সময় পর্যন্ত কোন কিছু ঘটা বুঝাতে ***till*** অথবা ***until*** ব্যবহৃত হয়। যেমন:

Please wait here ***till/until I come back.***

We stayed there ***till/until the function ended.***

Time conjunction হিসেবে time clause-এর শুরুতে "as long as" "as early as" এবং "since" ও ব্যবহৃত হয়। যেমন:

You can stay with us ***as long as you like.***

Please send the money ***as early as you can.***

Ten years have passed ***since his father died.***

(দশ বছর হলো তার বাবা মারা গেছেন)

Since যুক্ত time clause ব্যবহারের ক্ষেত্রে একটা বিশেষ ফর্মূলা মানতে হয়। যেমন, এক্ষেত্রে principal clause-টিতে present perfect tense এবং since clause এ past simple ব্যবহার করতে হয়। আরো দু'টি বাক্য দেখ:

Seven days have passed ***since I got your letter.***

It has been long ***since you visited us.***

তবে informal ইংরেজীতে principal clause-টিকে এভাবেও লেখা বা বলা হয়:

It's a week ***since I got your letter.***

It's long ***since you came here.***

এই ফর্মূলাগুলোতে principal clause-এর সম্পর্ক বর্তমানের সঙ্গে। কিন্তু principal clause-এর সম্পর্ক অতীতের সঙ্গে হলে ফর্মূলাটি কি হবে তা দেখার জন্য Somerset Maugham-এর এই বাক্যটি লক্ষ কর:

It was long ***since I had last seen her.***

অর্থাৎ এখানে principal clause-টিকে ব্যবহার করা হয়েছে past simple tense এবং since clause এ ব্যবহার করা হয়েছে past perfect tense.

(b) **Adverbial Clauses of Place :** This type of adverbial clauses tells us where an action takes place অর্থাৎ এই ধরনের adverbial clause-এর মাধ্যমে আমরা জানতে পারি কোথায় কোন কিছু ঘটে। এই clause-এর শুরুতে ***where, wherever, wheresover, anywhere*** জাতীয় place-related বা স্থান সম্পর্কিত conjunction ব্যবহৃত হয়। নীচের বাক্যগুলোতে place clause-এর ব্যবহার দেখ:

You can sit ***where you like.***

Keep the thing ***where you can find it easily.***

You can sleep ***wherever you like.***

Wherever he goes, his wife goes with him.

You can walk ***wheresover you please.***

You can go ***anywhere you like.***

Where there is a will, there is a way.

লক্ষ ক'রে থাকবে এই clause-গুলোর সম্পর্ক principal clause-এর intransitive verb-এর সঙ্গে। এদের কাজ অবশ্যই adverb-এর মত কোন verb-কে modify করা। নীচে আরো দু'টি conjunction-এর ব্যবহার দেখ:

They walked ***as far as the garden stretched.***

Try to come ***as near as you can.***

Milton-এর ***Paradise Lost*** কাব্য থেকে নেয়া এই বিখ্যাত বাক্যটিও দেখ:

Fools rush in ***where angels fear to tread.***

(c) **Adverbial Clauses of Manner :** These clauses are used to describe ***how*** the action in the principal clause takes place অর্থাৎ এই ধরনের clause-এর কাজ হচ্ছে principal clause এ বর্ণিত কাজটি কিভাবে সংঘটিত হয় তা বলা। এই ধরনের clause ***slowly, quickly, hard*** জাতীয় adverbial of manner কে replace করতে পারে। যেমন:

It is raining ***very hard.***

এই বাক্যটির "very hard" phrase-টির পরিবর্তে আমরা-এর সমার্থক একটা clause ব্যবহার করতে পারি। যেমন:

It is raining ***like the sky is falling.***

এটাই হচ্ছে adverbial clause of manner. এই clause-এর শুরুতে ***how, however, as, like*** ধরনের conjunction বসে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

In your home you can act ***how you like.***

Children behave ***how their parents behave.***

You can't do this work ***however hard you try.***

Do ***as I say.***

Do unto others ***as you would be done by.***

Do you make bread ***like you make cakes?***

লক্ষ করে থাকবে, adverbial clause of manner-এর অবস্থান হচ্ছে principal clause-এর পরে।

(d) **Adverbial Clauses of Condition :** A conditional clause states a probable state or situation which affects the action or state described in the principal clause অর্থাৎ conditional clause এ এমন একটা সম্ভাব্য অবস্থার উল্লেখ থাকে যা principal clause এ বর্ণিত কাজ বা অবস্থাকে প্রভাবিত করে। এই ধরনের principal clause ***if, unless, provided*** ইত্যাদি conjunction দিয়ে শুরু হয়। নীচের বাক্যগুলো দেখ:

If I get the scholarship, I will go to England.

You will miss the train ***unless you run.***

If you are ready, we can go now.

We can go out ***provided the weather is good.***

Unless you work harder you will fail in the test.

I will forgive you ***on condition that you apologize.***

In case I am late, don't wait for me.

অধিকাংশ conditional clause কে principal clause-এর আগে কিংবা পরে যে কোন position এ ব্যবহার করা যায়। Conditional clause অনেক রকম হতে পারে। আমরা এখানে প্রধান তিন ধরনের conditional clause-এর ব্যবহার নিয়ে আলোচনা করবো।

First Conditional : A conditional clause or sentence which denotes a probable future event অর্থাৎ যে conditional clause বা sentence এ সম্ভাব্য ভবিষ্যৎ ঘটনার উল্লেখ থাকে। [Conditional clause যুক্ত বাক্যকে আমরা conditional sentence বলতে পারি] যেমন:

Come here ***if you are free.***

If you see Raghib, tell him to see me.

If it rains tomorrow, we shall stay at home.

অর্থাৎ ভবিষ্যতের কথা বললেও conditional clause-টিতে এক্ষেত্রে present simple tense ব্যবহার করতে হয়। Principal clause-টি imperative-ও হতে পারে আবার অন্য রকমও হতে পারে। সাধারণত: principal clause এ ***shall, will, can, could, may, might*** জাতীয়

modal-এর পরে simple infinitive ব্যবহৃত হয়। নীচের বাক্যগুলোও লক্ষ কর:

If I see him, I shall certainly give him your message.

Will you attend the party ***if you are invited?***

If you leave now, you can catch the train.

If the clouds are black, it may rain soon.

If I have time, I might go with you.

If you don't help me, I won't pass the exam.

If there are any changes in the programmes, I shall certainly let you know.

If she doesn't miss the bus, she'll be here by eight.

If you go by car, you could get stuck in a traffic jam.

Conditional clause এ "will" ব্যবহার ক'রে willingness প্রকাশ করা হয়। যেমন:

If you will wait here, it will be nice for me.

Second Conditional : This conditional is used when we talk about an imaginary situation or about something which is unlikely to happen অর্থাৎ যখন আমরা কাল্পনিক কোন পরিস্থিতি সম্পর্কে কিংবা এমন কিছু সম্পর্কে কথা বলি যা ঘটার সম্ভাবনা খুব কম তখন আমরা second conditional ব্যবহার করি। এক্ষেত্রে, if-clause-টি লিখতে হয় past tense এ এবং principal clause এ ব্যবহৃত হয় ***would, could*** এবং ***might***-এর সঙ্গে simple infinitive যেমন:

If I were the chairman, I would not do it.

If he were rich, he would certainly help me.

এই বাক্য দু'টি formal style এ লেখা। Informal ইংরেজীতে এক্ষেত্রে ***were***-এর পরিবর্তে ***was*** ব্যবহার করা হয় (subject-এর সঙ্গে সঙ্গতি রেখে)। যেমন:

If I was in charge, I would make you work harder.

If-clause এ "be" ছাড়া অন্য verb-এর ব্যবহার দেখ:

If you smoked less, you could save a lot of money.

If they invited me, I would attend the party.

If I won the lottery, I might travel around the world.

I might not go there ***if it rained tonight.***

If I had money, I would help you.

মজার ব্যাপার হচ্ছে if-clause এ past tense ব্যবহার করে এখানে কিন্তু আসলে কাল্পনিক ভবিষ্যৎ বুঝানো হয়েছে। এই structure এ principal clause এ "would not" এবং "might not" ব্যবহৃত হলেও "could not" সাধারণত: ব্যবহৃত হয় না। Willingness প্রকাশ করতে অনেক সময় if-clause এও "would" ব্যবহৃত হয়। যেমন:

If they would sign the contract, we could start the work.

Second conditional ব্যবহার করে আমরা formal polite request ও করতে পারি। যেমন:

I would be grateful to you ***if you granted me leave.***

I would be glad ***if you sat with me.***

এক্ষেত্রে principal clause এ আমরা "should" ও ব্যবহার করতে পারি এবং if-clause এ "would" কিংবা "could" ও ব্যবহার করতে পারি। যেমন:

I should be grateful to you ***if you would/could consider my case.***

অন্যান্য ক্ষেত্রে if-clause কে principal clause-এর আগে বা পরে যে কোন অবস্থানে বসানো যায়। তবে polite request-এর ক্ষেত্রে if clause-টি সাধারণত: principal clause-এর পরেই বসে।

Third Conditional : This conditional refers to actions that might have happened in the past but did not actually happen অর্থাৎ এই conditional দিয়ে ঐ ধরনের কাজকে বুঝানো হয় যা অতীতে ঘটতে পারত কিন্তু প্রকৃতপক্ষে ঘটেনি। যেমন:

If he had invited me, I would have attended the party.

এই বাক্যটির অর্থ হচ্ছে, তিনি যদি আমাকে দাওয়াত করতেন তাহলে ঐ অনুষ্ঠানে আমি যেতাম। এর মানে, তিনি আমাকে দাওয়াত দেননি এবং আমিও যাইনি। এই conditional এ if-clause এ past perfect tense ব্যবহৃত হয় এবং principal clause-এর common structure হচ্ছে ***would / could / might + have + past participle,*** অর্থাৎ ***would / could / might*** modal-এর সঙ্গে perfect infinitive. নীচের বাক্যগুলো লক্ষ কর:

If you had been present there, I would have been very glad.

If I had had money, I would have bought a car.

If you had written to us earlier, we could have sent you the information in time.

If the clouds had been black, it might have rained.

If we had had more staff, we could have finished the course earlier.

What would you have done ***if you had been the chairman?***

Second এবং third conditional-এর শব্দক্রম পরিবর্তন করে অনেক সময় তার conjunction-টিকে omit করা যায়। যেমন:

Were I a bird, I would fly freely in the sky.

Had I the wings of a bird, I would fly away from here.

Had you been there, I would have been happy.

Had I not seen this myself, I would not have believed it.

(e) **Adverbial Clauses of Cause or Reason :** These clauses present a cause or reason for the action or state mentioned in the principal clause অর্থাৎ এই ধরনের clause-এর কাজ হচ্ছে principal

clause এ উল্লেখিত কাজ বা অবস্থার একটা কারণ উপস্থাপন করা। They tell us ***why*** something happens or does not happen and they are introduced by conjunctions like ***because, as, since & that.*** নীচের উদাহরণগুলো দেখ:

As the weather was bad, the match was cancelled.

I need glasses ***as my eye-sight is poor.***

She could not attend the party ***since she was ill.***

Since you are apologizing for your mistake, I am forgiving you.

Because I like you, I will make friends with you.

I could not buy the book ***because I did not have any money on me then.***

We rejoice ***that we have won the game.***

লক্ষ করা যাচ্ছে, অধিকাংশ ক্ষেত্রেই reason clause কে principal clause-এর আগে কিংবা পরে যে কোন অবস্থানে ব্যবহার করা সম্ভব।

(f) **Adverbial Clauses of Concession :** These clauses contain information which contrasts with the information given in the principal clause অর্থাৎ এই ধরনের clause এ principal clause এ প্রদত্ত তথ্যের বিপরীত কোন তথ্য থাকে। "Concede" অর্থ হচ্ছে "to admit" বা স্বীকার করে নেয়া। অর্থাৎ এক্ষেত্রে এমন একটা point কে মেনে নিতে হয় যা বাক্যের প্রধান argument-এর বিরুদ্ধে চলে যায়। These clauses are mainly introduced by ***although, though*** or ***while.*** For example:

Although they are poor, they are very generous.

The laldy is very stingy ***although she has a lot of money.***

Though the work is very hard, I enjoy doing it.

She went there ***though I asked her not to.***

While I understand your point, I cannot accept it.

"Though" এবং "Although" conjunction দুটিকে interchangeably ব্যবহার করা যায়। কিন্তু "though" কে অনেক সময় clause-এর মাঝখানেও ব্যবহার করা হয়। যেমন:

Hardworking though he was, he could not pass the exam.

Such clauses may also be introduced by "even though" and "even if". For example:

He will never be dishonest ***even though he is poor.***

Even if it rains tomorrow, I won't fail to see you.

(g) **Adverbial Clauses of Comparison :** A comparison clause contains a standard with which someone or something mentioned in the principal clause is compared অর্থাৎ comparison clause-এর মধ্যে এমন একটা মান থাকে যার সঙ্গে principal clause এ উল্লেখিত কোন ব্যক্তি বা বস্তুর তুলনা করা হয়। এ ধরনের clause সাধারণত: ***than*** কিংবা ***as*** দিয়ে শুরু হয়। যেমন:

I know him better ***than you do.***

The boy is as tall ***as his father is.***

বুঝতেই পারছ, ***than*** ব্যবহৃত হয় পার্থক্য বুঝাতে এবং ***as*** ব্যবহৃত হয় সাদৃশ্য বুঝাতে। একই ব্যক্তি বা বস্তুর দু'টি অবস্থা তুলনা করতেও comparison clause ব্যবহার করা হয়। যেমন:

He is much more intelligent now ***than he was before.***

Our profits are higher this year ***than they were last year.***

অনেক সময় comparison clause-এর verb-টি উহ্য থাকে। যেমন:

Belal is poorer ***than I*** (am).

Nobody knows her better ***than he*** (does).

It is as certain ***as death*** (is).

মনে রাখবে comparison clause এ অবশ্যই subject থাকতে হবে। subject ছাড়া কোন clause হয় না। নীচের বাক্য দুটি লক্ষ কর:

He is taller than me.

He is taller than I.

দুটি বাক্যই শুদ্ধ এবং এদের অর্থও একই। পার্থক্য শুধু এদের structure এ। প্রথম বাক্যে "than" একটি preposition এবং "me" হচ্ছে একটি pronoun-এর object form. অর্থাৎ এটি একটি simple sentence. কিন্তু দ্বিতীয় বাক্যে "than" একটি conjunction এবং "I" হচ্ছে comparison clause-এর subject যার পরের verb-টি উহ্য আছে। অর্থাৎ এটি একটি complex sentence.

(h) **Adverbial Clauses of Purpose** : Purpose clauses indicate the purpose of the action mentioned in the principal clause অর্থাৎ purpose clause-এর কাজ হচ্ছে principal clause এ উল্লেখিত কাজের উদ্দেশ্য ব্যক্ত করা। These clauses are introduced by ***so, so that, that*** and ***lest***. For example:

I gave him some food ***so he would not get hungry on the way.***

He is studying hard ***so that he can pass the examination.***

Come closer ***that I can touch you.***

Write down the phone number ***lest you forget it.***

"lest" হচ্ছে "so that"-এর negative form বাংলায় যার অর্থ হচ্ছে "যাতে না"। Purpose clause ব্যবহারের ক্ষেত্রে sequence of tense-এর principle মেনে চলতে হয়। অর্থাৎ principal clause এ past tense থাকলে purpose clause এ অবশ্যই past tense ব্যবহার করতে হবে। কিন্তু principal clause এ present কিংবা future tense থাকলে purpose clause এ অবশ্যই present tense ব্যবহার করতে হবে। নীচের বাক্যগুলোও দেখ:

He turned up the television ***so that he could hear it well.***

Lest you miss the train, walk faster.

She will help me ***so that I can finish the work today.***

He took an umbrella ***so that he might not get drenched.***

(i) **Adverbial Clauses of Result :** These clauses indicate the effect or result of the action mentioned in the principal clause অর্থাৎ Result clause-এর কাজ হচ্ছে principal clause এ উল্লেখিত কাজের ফল বর্ণনা করা। এই clause সাধারণত: "that" দিয়ে শুরু হয় এবং এই "that"-এর আগে principal clause এ সাধারণত: "so" অথবা "such" থাকে For example:

The patient is ***so*** weak ***that he cannot walk.***

I was in ***such*** a hurry ***that I forgot my umbrella.***

The question was ***so*** difficult ***that I could not answer it.***

He spoke in ***such*** a low voice ***that we could not hear him.***

অনেক সময় Result clause-এর "that" শব্দটি understood বা উহ্য থাকে। যেমন:

He was so weak ***he could not walk.***

The tea was so hot ***I could not take it.***

His voice is so low ***back-benchers cannot hear him.***

এতক্ষণ আমরা বিভিন্ন রকম **adverbial clause** আলোচনা করলাম। এখন একটা ভিন্ন ধরনের **clause** দেখ:

Belal is, ***I believe,*** the best boy in the class.

The man – ***it seemed to me*** – was drowning.

They will (***I am almost sure)*** never help me.

Principal clause-এর মাঝখানে ব্যবহৃত দু'ধারে কমা, ড্যাশ কিংবা বন্ধনী চিহ্নিত এই ধরনের clause কে ***parenthetic clause*** হিসাবে অভিহিত করা হয়।

এখন পর্যন্ত আমরা তিন প্রকার sentence-এর কথা জানলাম - simple sentence, compound sentence এবং complex sentence. আমরা জেনেছি, যে sentence-এর মধ্যে একটিমাত্র clause থাকে তাকে আমরা simple sentence বলি, যে sentence-এর মধ্যে একাধিক সমান rank-এর clause থাকে তাকে বলা হয় compound sentence এবং যে sentence-এর মধ্যে একটি principal clause এবং এক বা একাধিক subordinate clause থাকে তাকে complex sentence বলা হয়। Clause-এর সংখ্যা ও প্রকৃতি অনুসারে ইংরেজী বাক্যকে সাধারণত: এই তিন শ্রেনীতেই ভাগ করা হয়। কিন্তু বাস্তব ক্ষেত্রে ইংরেজীতে আমরা এমন অনেক বাক্যের সম্মুখীন হই যাদের মধ্যে একাধিক সমমানের principal clause এবং এক বা একাধিক dependent clause দেখা যায়। যেমন:

When he came here, he was very poor but later on he became very rich.

এই বাক্যটিতে দু'টি principal clause এবং একটি dependent clause রয়েছে। তাহলে এই বাক্যটিকে আমরা কোন category তে ফেলব? এটাকে compound ও বলা যায় না, আবার complex ও বলা যায় না। অথচ-এর মধ্যে compound এবং complex উভয় ধরনের বাক্যেরই বৈশিষ্ট রয়েছে। তাহলে এ ধরনের বাক্যকে আমরা বরং ***complex-compound*** বাক্য হিসেবে অভিহিত করতে পারি। নীচের বাক্য দু'টিও লক্ষ কর:

As he is ill now, he cannot come to work this week but we expect that he will be able to start working next week.

While I was working in my office, my servant suddenly appeared there and told me that there had been an accident in my house.

Exercises

1. Identify the type of each sentence in the following passage:

Australia is an island country. It is the biggest island that has ever existed. It is twice the size of India, Pakistan and Bangladesh taken together. It is a country which alone forms a continent. As a national territory, Australia has an interesting history. Before the white people settled there, it had been a land of the aboriginals. The abolriginals are a primitive race of people who came to Australia from different parts of Asia and lived there for thousands of years. Captain James Cook of the British Navy discovered this land in 1770 and it was established as a penal colony of the British in 1788. The aboriginals resented the white settlement in their land but could not resist it. That they fought the usurpation of their land is recorded in Australian history.

2. Identify the types of the subordinate clauses in the following sentences:

a) We could not predict ***what would happen next.***

b) ***How they escaped punishment*** is a mystery.

c) The things ***he said*** are of great importance.

d) ***Unless you leave this place at once,*** you will be in for trouble.

e) Tell me ***how you overcame the difficulty.***

f) You could not win the race, ***because you were slow.***

g) ***If you gave me the money,*** I would buy a camera.

h) The students ***who cheated on the exam*** were all expelled.

i) Do you know ***when they will arrive?***
j) Fools rush in ***where angels fear to tread.***
k) The report ***that he was killed*** is untrue.
l) Allah helps those ***who help themselves.***
m) He reached home ***after the night had fallen.***
n) You can keep the book ***wherever you like.***
o) The weather was so cold ***that many people d***
p) She looks younger ***than she is.***
q) Things always do not happen ***as you expect.***
r) He speaks better ***than he writes.***
s) It is about two days ***since he ate last.***
t) ***If you had taken this medicine,*** you would have
u) The book ***you gave me*** is missing.
v) The man ***on whom I depended most*** has left me.
w) ***Had I been well,*** I would have attended your party.
x) we eat ***so that we can live.***
y) I don't understand ***what you are saying.***
z) Stay ***where you are.***

Chapter Thirteen
Direct and Indirect Speech

আমাদের দৈনন্দিন জীবনে আমরা অহরহ একজন আরেকজনকে নানা ধরনের কথা বলে থাকি। কারো উচ্চারিত কোন কথা আরেকবার দু'ভাবে উপস্থাপন করা যায়। যেমন ধরা যাক, রাগিব জিনিয়ার সঙ্গে কথা বলার সময় এক পর্যায়ে বলেছিল,

I am very tired now.

এটি হচ্ছে রাগিবের actual utterance অর্থাৎ প্রকৃতপক্ষে যা সে নিজের মুখে বলেছিল। এখন এই কথাটিকে অন্য সময় রাগিব নিজেই অথবা জিনিয়া অথবা অন্য কেউ দু'ভাবে উপস্থাপন করতে পারে। রাগিবের মুখ-নিঃসৃত কথাটিকে কোন রকম পরিবর্তন না করে অন্য কেউ বলতে পারে:

Raghib said, "I am very tired now".

রাগিবের কথাটিকে হুবহু পুনরাবৃত্তি না করে উপস্থাপক তার নিজের মত করে বলতে পারে:

Raghib said that he was very tired then.

এই দু'রকম reporting-এর প্রথম রকমকে বলা হয় ***direct speech*** এবং দ্বিতীয় রকমকে বলা হয় ***indirect speech*** বা ***reported speech.***

The direct speech is written down without changing the words of the speaker অর্থাৎ প্রত্যক্ষ উক্তি লেখা হয় বক্তার কথাকে কোন রকম পরিবর্তন না করে। যেমন:

Actual utterance : "You are very nice."

Direct speech: He said to me, 'You are very nice.'

লক্ষ করলে, Direct speech এ বক্তার কথাগুলোকে হুবহু inverted comma বা quotation mark -এর মধ্যে স্থাপন করা হয় এবং অনেক ক্ষেত্রেই actual utterance-এর আগে speaker এবং person spoken to (যাকে কথাগুলো বলা হয়)-এর উল্লেখ থাকে।

পক্ষান্তরে, The indirect speech refers to the style in which the speaker's words are not reproduced as they are actually said but are reported with some grammatical changes অর্থাৎ Indirect speech বলতে সেই style বুঝায় যেখানে বক্তার কথাগুলোকে হুবহু না বলে বরং কিছু grammatical পরিবর্তন এনে ভিন্নভাবে উপস্থাপন করা হয়। যেমন:

Speaker's words : "I shall help you."

Direct speech : He said to me,"I shall help you."

Indirect speech : He said that he would help me.

এখানে "I" এবং "he" হচ্ছে original speaker এবং "You" ও "me" হচ্ছে person spoken to এবং reporter. এছাড়া, বুঝতেই পারছ উপরোক্ত Direct speech-টির quotation mark-এর ভিতরে স্থাপিত "I shall help you" কথাটি হচ্ছে মূল speaker-এর। কিন্তু quotation mark-এর বাইরের "He said to me" অংশটি reporter-এর নিজের। Direct speech এ reporter কর্তৃক ব্যবহৃত verb-টিকে reporting verb বলা হয়। আবার, reporter কর্তৃক indirect speech-এর শুরুতে ব্যবহৃত verb-টিকেও reporting verb বলা হয়। যেমন:

He ***said*** to me, "How are you?"

He ***asked*** me how I was.

Direct speech এবং Indirect speech-এর মধ্যে মুল পার্থক্য হচ্ছে Indirect speech এ আনীত নানা ধরনের grammatical পরিবর্তন। এই পরিবর্তন আনতে হয় এ কারণে যে, reporter-এর perspective বা অবস্থানগত দৃষ্টি মূল speaker-এর অবস্থানগত দৃষ্টি থেকে আলাদা। এক্ষেত্রে প্রথম প্রয়োজন হয় speaker, person spoken to, reporter এবং person reported to (যার কাছে রিপোর্ট করা হয়) - এই person-গুলোকে reshuffle করা। যেমন:

"I shall go with you".

বাক্যটিতে "I" হচ্ছে speaker এবং "You" হচ্ছে person spoken to. এখন এই person spoken to-ই যদি উক্তিটিকে রিপোর্ট করে তাহলে তো

তাকে "I"-এর পরিবর্তে speaker-এর নাম (অথবা he/she) এবং "You"-এর পরিবর্তে "me" ব্যবহার করে বলতে হবে।

He said that ***he*** would help ***me***.

Reported speech এ যা বলা হবে তা বলা হবে reporter-এর নিজের perspective থেকে। এভাবে actual utterance এবং reporting-এর স্থান ও সময় যদি ভিন্ন হয় তাহলে স্থান ও সময় সম্পর্কিত শব্দগুলোরও পরিবর্তন করতে হয়। যেমন, বক্তা রাজশাহীতে বসে কোন এক সময় বলেছিল,

I am ***now*** fine ***here.***

এখন রিপোর্টার যদি অনেক দিন পরে ঢাকায় বসে উক্ত কথাটিকে রিপোর্ট করেন তাহলে তাকে বলতে হবে,

He said that he was ***then*** fine ***there.***

কিন্তু reporter এবং speaker-এর স্থানিক এবং কালিক অবস্থান যদি একই হয় তাহলে এই ধরনের পরিবর্তনের প্রয়োজন হবে না। যেমন রাগীব একটা বিশেষ দিনে বলেছিল, "I am unwell today". এখন রিপোর্টার যদি ঐ একই দিনের একই সময়ে উক্তিটি রিপোর্ট করে তাহলে তাকে বলতে হবে.

Raghib says that he is unwell today.

কিন্তু সে যদি রিপোর্টটি পরের দিন করে তাহলে তাকে বলতে হবে,

Raghib said that he was unwell yesterday.

আবার সে যদি কথাটিকে কিছুদিন পরে রিপোর্ট করে তাহলে তাকে বলতে হবে, Raghib said that he was unwell that day.

এভাবে যে কোন পরিবর্তনই নির্ভর করে reporter-এর perspective-এর ভিন্নতার উপর। এখন আমরা একটা বিশেষ নিয়মের কথা বলব। নিয়মটা হচ্ছে এই যে, Reporting verb যদি present কিংবা future tense-এ থাকে তাহলে the tense of the speaker's actual utterance remains unchanged in the indirect speech. যেমন:

He says, "I am happy". (Direct)

He says that he is happy (Indirect)

She will say, "I cannot walk". (Direct)

She will say that she cannot walk. (Indirect)

কিন্তু If the reporting verb is in the past tense, a change of tense usually occurs in the indirect speech. যে নিয়মে এই tense পরিবর্তন হয় তাকে back-shift বলা হয়। Back-shift অনুসারে,

a) Present Simple হয়ে যায় Past Simple
b) Present Continuous হয়ে যায় Past Continuous
c) Present Prefect হয়ে যায় Past Perfect
d) Present Perfect Continuous হয়ে যায় Past Perfect Continuous
e) Past Simple হয়ে যায় Past perfect
f) Past Continuous হয়ে যায় Past Perfect Continuous
g) Can, may, shall, will–modal -গুলো হয়ে যায় যথাক্রমে could, might, should এবং would.

তবে বক্তার actual utterance যদি কোন universal truth হয় কিংবা reporting-এর সময় যদি তার কার্যকারিতা শেষ না হয়ে যায় তাহলে tense পরিবর্তনের এই নিয়মগুলো প্রযোজ্য হবে না। যেমন:

He said, "The earth is round".

He said that the earth is round.

She said, "I am ill today".

She said that she is ill today.

এখানে বুঝানো হয়েছে যে, reporter একই দিনে বক্তার অসুস্থতার মধ্যে তার কথাটিকে অন্যের কাছে রিপোর্ট করেছে। প্রথম উদাহরণটিতে universal truth প্রকাশ করা হয়েছে। এখন আমরা বিভিন্ন রকম utterance -এর reporting দেখাব। এখানে প্রদত্ত সব উদাহরণ থেকে বুঝতে হবে যে, reporting করা হয়েছিল মূল utterance যখন এবং যেখানে করা হয়েছিল তা থেকে অনেক পরে এবং ভিন্ন স্থানে। Indirect speech এ আনীত সব রকম পরিবর্তন ভালভাবে খেয়াল করবে।

Statements

Direct : He said to me, 'I have passed the examination".
Indirect : He said to me that ***he had*** passed the examination.
Direct : She said to me, "I shall see you to-night'.
Indirect : She said to me that she ***would*** see me that night.
Direct : They said, "We may go there tomorrow."
Indirect : They said that they might come here the next day.
Direct : Raghib said, "I did not go to school yesterday."
Indirect : Reghib said that he had not gone to school the day before.
Direct : You said, "I am writing a novel now".
Indirect : You said that you were writing a novel then.

বুঝতেই পারছ, indirect speech-টি একটি complex sentence তৈরী করছে এবং-এর noun clause-টি ***that*** দিয়ে শুরু হয়েছে। Informal ইংরেজীতে এই ***that*** কে অনেক সময় পরিহার করা হয়। অর্থাৎ reported speech এভাবেও লেখা যায়:

He said he would help me.
I said I did not believe him.
They said they would go on a picnic next week.

Questions

বক্তার interrogative sentence-কে যখন report করা হয় তখন indirect speech এ সেটা আর interrogative থাকে না। Interrogative form পরিবর্তিত হয়ে statement-এর আকারে তা একটা embedded question হয়ে যায়। Indirect speech এ embedded question-এর আগে reporting verb হিসেবে "ask" বা "enquire/inquire" ব্যবহৃত হয়।

বক্তার প্রশ্ন যদি wh-word দিয়ে শুরু হয় তাহলে embedded question ও ঐ wh-word দিয়েই শুরু হবে। নীচের উদাহরণগুলো দেখ:

Direct : He said to me, "Where do you live?
Indirect : He asked me where I lived.
Direct : I said to him, "Why are you crying?
Idirect : I asked him why he was crying.
Direct : The man said to us, "How can I go to the bus stop?
Indirect : The man enquired how he could go to the bus stop.

"Ask" এবং "enquire/inquire"-এর meaning একই হলেও এদের মধ্যে একটি ব্যবহারিক পার্থক্য আছে। "Ask"-এর পরে noun বা pronoun object বসতে পারে। কিন্তু "enquire/inquire"-এর পরে object হিসেবে কোন noun বা pronoun বসতে পারে না। পুরো embedded question টাই হবে-এর object. এছাড়া "enquire" বা "inquire" হচ্ছে formal এবং "ask" হচ্ছে informal.

পক্ষান্তরে, বক্তার question যদি কোন verb দিয়ে শুরু হয় তাহলে indirect speech-এর embedded question-টি "if বা "whether" দিয়ে শুরু হবে। যেমন:

Direct : He said to me. "Do you like music?
Indirect : He asked me if I liked music.
Direct : The man said to me. "Can you show me the way to the bank?
Indirect : The man enquired if I could show him the way to the bank.
Direct : She said to me, "Did you watch the film last night?
Indirect : She asked me whether I had watched the film the night before.
Direct : We said to them. "Have you finished your lunch?
Indirect : We asked them if they had finished their lunch.

লক্ষ করেছে নিশ্চয়ই, এক্ষেত্রেও Indirect speech-টি একটি noun clause যুক্ত complex sentence-এর form ধারণ করে। Reporting verb-টি হয় principal clause-এর transitive verb এবং reported question-টি হয় তার direct object.

Commands and Requests

আদেশ এবং অনুরোধ (commands and requests) কে রিপোর্ট করার সময় indirect speech-এ reporting verb হিসেবে প্রয়োজন বুঝে ***order, command, ask, tell, advise, request, urge*** ইত্যাদির যে কোন একটি ব্যবহার করতে হয় এবং direct speech-এর imperative বাক্যটিকে ***to + infinitive*** এ রূপান্তরিত করতে হয়। যেমন:

Direct : He said to me, "Leave this place at once.
Indirect : He ordered me to leave that place at once.
Direct : The general said to the army, "Stand at ease."
Indirect : The general commanded the army to stand at ease.
Direct : She said to her son, "Close the window."
Indirect : She asked her son to close the window.
Direct : He said to her, "Read this book."
Indirect : He told her to read that book.
Direct : I said to him, "Obey your parents."
Indirect : I advised him to obey his parents.
Direct : He said to me, "Please lend me some money."
Indirect : He requested me to lend him some money.
Direct : The teacher said to his students, "Keep quiet."
Indirect : The teacher urged his students to keep quiet.

Direct speech-এর imperative utterance-টি negative হলে Indirect speech- এর ***to + infinitive-*** এর আগে ***not*** বসাতে হয়। যেমন:

Direct : He said to us, "Don't make a noise."

Indirect : He asked us not to make a noise.

Direct : She said to me, "You should not smoke."

Indirect : She advised me not to smoke.

Direct : I said to the driver, "Please don't drive so fast."

Indirect : I requested the driver not to drive so fast.

আদেশ কিংবা অনুরোধের reporting এ Indirect speech-টি শুধু simple নয় complex কিংবা compound বাক্যও হতে পারে। এটা নির্ভর করবে actual utterance কোন ধরনের বাক্য তার উপর। নীচের Indirect speech দু'টি লক্ষ করঃ

Direct : He said to me, "Wait here until I come back."

Indirect : He asked me to wait here until he came back.

Direct : He said to them, "Stop talking and listen to me."

Direct : He urged them to stop talking and listen to him.

এখানে প্রথম Indirect speech-টি complex এবং দ্বিতীয় Indirect speech-টি একটি compound বাক্য।

Proposals and Suggestions

Proposal এবং suggestion কে report করার ক্ষেত্রে reporting verb হিসেবে propose বা suggest ব্যবহার করে তার পরে সাধারণতঃ that clause ব্যবহার করা হয়। যেমনঃ

Indirect : He said to me, "Le us go out for a walk."

Direct : He proposed that we should go out for a walk.

Direct : He said, "We should stop working now."

Indirect : He suggested that we (or they) should stop working then.

Direct : She said, "We should not wait here."

Direct : She suggested that we (or they) should not wait there.

Exclamations and Wishes

Exclamation জাতীয় utterance কে report করার সময় reporting verb হিসেবে সাধারণত: "exclaim" ব্যবহার করতে হয় এবং exclamatory form-টিকে statement এ রূপান্তরিত করতে হয়। মূল utterance-টি আনন্দের না বেদনার সেটা বুঝে সেটা প্রকাশের জন্য বিশেষ শব্দ ব্যবহার করতে হয়। যেমন:

Indirect : He said, "How beautiful the flowers are!"

Direct : He exclaimed with joy that the flowers were very beautiful.

Direct : They said, "Alas! We are undone."

Indirect : They exclaimed with grief that they were undone.

পক্ষান্তরে, optative utterance-কে report করার সময় reporting verb হিসেবে সাধারণত: "wish" বা "pray" জাতীয় শব্দ ব্যবহার করতে হয়। যেমন:

Direct : He said to me, "May you live long."

Indirect : He wished that I should live long.

Direct : She said to her son. "May Allah bless you."

Indirect : She prayed that Allah should bless her son.

Exercise

1. Report the following in *Indirect Speech:*

a) He said to me, "I shall always stand by you."

b) She has said, "I don't believe in ghosts."

c) I said to them, "You did not play well."

d) He said to me, "Will you watch a film this evening?"

e) I said to the girl, "Why do you feel nervous?"

f) He said to his son, "Study hard."

g) The man said to us, "Don't try to deceive me."

h) He said, "How foolish I am!"

i) I said to him, "Best of luck."

j) He said to me, "How many children do you have?"

2. Convert the following *indirect speeches* into *direct speeches:*

a) The man asked me where I came from.

b) I requested him to write a letter for me.

c) I enquired if he was a traveller there.

d) She exclaimed with sorrow that she had failed the examination.

e) He said that he liked me very much but disliked my brother.

f) I asked the boy what class he was in.

g) I ordered him to leave the class.

h) He said not to close the door.

i) She told me that she would not help me.

j) He asked me how old I was.

Chapter Fourteen
Analysis of Sentences

বিভিন্ন পরীক্ষায় ছাত্রদেরকে অনেক সময় বিভিন্ন ধরনের sentence-কে analyse বা বিশ্লেষণ করতে বলা হয়। অনেক ছাত্রই sentence analysis করতে অসুবিধা বোধ করে। সেজন্যই আমরা এই অধ্যায়ে বিভিন্ন ধরনের বাক্যকে বিশ্লেষণ করে দেখাব। এখানকার বিশ্লেষণগুলো দেখার পর এবং আরো কিছু অনুশীলন করলে পর পরীক্ষায় তারা স্বাচ্ছন্দ্য বোধ করতে পারবে। Sentence analysis-এর প্রথম কাজটি হচ্ছে প্রদত্ত sentence-টি কি ধরনের সে সম্পর্কে নিশ্চিত হওয়া। বাক্যটিতে যদি একটিমাত্র clause থাকে তাহলে বুঝতে হবে সেটি একটি simple sentence এবং তখন তার structural element-গুলো identify করতে হবে। পক্ষান্তরে, প্রদত্ত sentence-টি যদি complex কিংবা compound হয় তাহলে সেটার type নির্ধারণ ক'রে clause-গুলোকে identify করতে হবে এবং আলাদা আলাদাভাবে প্রত্যেকটা clause-এর structure লিখতে হবে। নীচের উদাহরণগুলো ভালভাবে লক্ষ কর:

